

**রবি ও সোমবারের
পরীক্ষা আগামী
শুক্র ও শনিবার
মাধ্যমিকের ফল ৬ মে**

■ বিশেষ প্রতিবেদন

এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষা উৎসব ও উৎসবের পরীক্ষায় পরিণত হয়েছে। শিক্ষার্থী, অভিভাবক, সরকার সকলেই এ নিয়ে চিন্তিত। একের পর এক হরতালে পরিবর্তন হচ্ছে পরীক্ষার সময়সূচী। চলমান এইচএসসি পরীক্ষার দিনে হরতাল ডাকা হলে সেদিনের পরীক্ষা শুক্র ও শনিবার অনুষ্ঠিত হবে। বিএনপিসহ ১৮ দলীয় জোটের লাগাতার হরতালের মুখে সরকার পৃষ্ঠা ১৯ কলাম ৭

রবি ও সোমবারের পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর এ সিদ্ধান্ত নিয়েছে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়। সবক'টি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত আজ রবিবার ও আগামীকাল সোমবারের সব পরীক্ষা স্থগিত করা হয়েছে। ৮টি সাধারণ ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীনের রবিবারের বিষয়সমূহের পরীক্ষা আগামী ৪ মে শুক্রবার সকাল সাড়ে ৯টায় ও দুপুর ২টায় অনুষ্ঠিত হবে। এছাড়া সোমবারের পরীক্ষাসমূহ অনুষ্ঠিত হবে ৫ মে শনিবার যথাক্রমে সকাল ১০টা ও দুপুর ২টায়। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে স্থগিত হওয়া বিষয়সমূহের পরীক্ষা ৪ মে শুক্রবার সকাল সাড়ে ৯টায় ও দুপুর ২টায় অনুষ্ঠিত হবে। বিরোধীদল আহত হরতালের কারণে একের পর এক পরীক্ষা স্থগিত হওয়ায় শিক্ষাবন্ত্রী মুহাম্মদ ইসলাম নান্দিন ফুর্ক প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। তিনি সকল পরীক্ষার্থী, অভিভাবক ও সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তার ভোগান্তিতে সমবেদনা প্রকাশ করেছেন। তিনি বলেছেন, দেশে রাজনীতিতে কোনো বৈশিষ্ট্য পরিবর্তন হয়নি। বিরোধীদল সংসদে দাবি উত্থাপন না করে আন্দোলনের নামে হরতাল ও নৈরাজ্য সৃষ্টি করছে। এতে সবচেয়ে ক্ষতির সম্মুখীন হচ্ছে এইচএসসি পরীক্ষার্থীরা। তবে বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সংবাদ সম্মেলন করে বলেছেন, শিখাংত্র ইন্দিয়ান আর্মী মেরেও একজন পরীক্ষার্থী। পরীক্ষার্থীদের সমস্যার কথা বিরোধীদলের বিবেচনায় রয়েছে। তবে এই মুহুর্তে তাঁদের কাছে পরীক্ষার খেকে জীবনের মূল্য অনেক বেশি। উল্লেখ্য, এর আগে সবক'টি শিক্ষাবোর্ডের ২২ ও ২৪ এপ্রিলের পরীক্ষা স্থগিত করা হয়েছিল। এছাড়া গত ১৯ এপ্রিল সিলেট বিভাগের বেশ কয়েকটি জেলায় বিএনপির হরতাল আহ্বানের কারণে সিলেট শিক্ষাবোর্ড ও কারিগরি শিক্ষাবোর্ডের পরীক্ষা স্থগিত করা হয়েছিল। গত ১ এপ্রিল থেকে এইচএসসি পরীক্ষা শুরু হয়েছে। দেশব্যাপী এ পরীক্ষায় দেশের ৮টি সাধারণ শিক্ষা বোর্ড, একটি কারিগরি ও একটি মাদ্রাসা শিক্ষা বোর্ডের ৯ লাখ ২৬ হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করছে।

এসএসসির ফল প্রকাশ: এসএসসি পরীক্ষার ফলাফল চূড়ান্ত করা হয়েছে। আগামী ৬ মে এই ফলাফল প্রকাশের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুমতি চেয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী ইত্তেফাককে বলেছেন, প্রধানমন্ত্রীর সম্মতি পাওয়া গেলে আগামী ৬ মে এসএসসি ও সম্মানের সকল পরীক্ষার ফলাফল ঘোষণা করা হবে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনের পরীক্ষা ও কারিগরি শিক্ষা বোর্ডের অধীনের পরীক্ষার ফলাফলও প্রকাশের সিদ্ধান্ত রয়েছে এ দিনে।